

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯১৮

১/ বিবিধ

আরবী

إن الغضب يفسد الإيمان كما يفسد الصبر العسل
ضعيف

رواه تمام (2 / 101) في " الفوائد " عن هشام بن عمار: حدثنا أبو بكر مخيس بن تميم الأشجعي عن بهز بن حكيم عن أبيه عن جده معاوية بن حيدة مرفوعا. ومن هذا الوجه أخرجه أبو القاسم الهمداني في " الفوائد " (1 / 207 / 2) وعنه ابن عساكر في " تاريخ دمشق " (15 / 31 / 2) . قلت: وهذا سند ضعيف، مخيس هذا مجهول كما في " الميزان " . وهشام بن عمار فيه ضعف. والحديث عزاه في " المشكاة " (5118) للبيهقي في " شعب الإيمان

বাংলা

১৯১৮। রাগ ঈমানকে নষ্ট করে দেয় যেমন তেতো বস্তু মধুকে নষ্ট করে ফেলে।

হাদীসটি দুর্বল।

এটিকে তাম্মাম (১০১/২) “আলফাওয়াইদ” গ্রন্থে হিশাম ইবনু আম্মার হতে, তিনি আবু বাকর মুখইয়াস ইবনু তামীম আশজাজী হতে, তিনি বাহয ইবনু হাকীম হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা মুয়াবিয়াহ ইবনু হাইদাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই আবুল কাসেম হামদানী "আলফাওয়াইদ" গ্রন্থে (১/২০৭/২) আর তার থেকে ইবনু আসাকির “তরীখু দেমাস্ক” গ্রন্থে (১৫/৩১/২) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। মুখাইয়াস হচ্ছেন মাজহুল যেমনটি “আলমীযান” গ্রন্থে এসেছে। আর হিশাম ইবনু আস্মারের মধ্যে দুর্বলতা রয়েছে। হাদীসটিকে “মিশকাত” গ্রন্থে (৫১১৮) ইমাম বাইহাকীর "শুয়াবুল ঈমান" গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72801>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন